

ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে

ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধে সকল মহলের সহযোগিতা কামনা

ঈদের ছুটির পর ঢাকা বিশ্ববিদ্যালয় আজ সোমবার খুলছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক হলের প্রভোস্ট, হাউজ টিউটর ও সহকারী হাউজ টিউটরদের এক যৌথ সভায় ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধে রাজনৈতিক দলসমূহ এবং ছাত্র সংগঠনগুলোর সহযোগিতা কামনা করার সিদ্ধান্ত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে এই যৌথ সভা অনুষ্ঠিত হয়। সাম্প্রতিককালে ক্যাম্পাসে সংঘটিত কতগুলো সন্ত্রাসী কার্যকলাপের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে আইন-শৃঙ্খলা রক্ষা এবং সূচ্য পরিবেশ অব্যাহত রাখার লক্ষ্যে সভায় বিশদ আলোচনা হয়।

আলোচনায় বলা হয় যে, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বহিরাবাসিত। অতএব, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একক প্রচেষ্টায় সন্ত্রাস সম্পূর্ণভাবে নির্মূল করা সম্ভব নয়। এ কারণে রাজনৈতিক দলসমূহ এবং ছাত্র সংগঠনগুলোর সহযোগিতা কামনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনে বিশেষ করে হলপর্যায়ে সকল বিধিবিধান প্রয়োগ করার ক্ষেত্রে সভায় একমত প্রতীক্ষিত হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।